**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 15-09-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় সদর দপ্তর ‘বিজয় দুর্গ’-এ তিনদিন ব্যাপী ‘কম্বাইন্ড কমান্ডার্স’ সম্মেলনের সূচনা করবেন।

২/ রাজ্যে অনুপ্রবেশের সমস্যা ভয়াবহ আকার ধারণ করেছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩/ স্কুল সার্ভিস কমিশন, আগামী সপ্তাহে শিক্ষক নিয়োগ পরীক্ষার ‘অ্যানসার কি’ প্রকাশ করবে।

৪/ যাত্রী নিরাপত্তা ও সুরক্ষার কথা মাথায় রেখে কলকাতা মেট্রো রেল, অতিরিক্ত ৮০০ জন নিরাপত্তা কর্মী মোতায়েনের বিষয়টি বিবেচনা করছে।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়-এর জন্মের সার্ধশতবর্ষ উদ্‌যাপিত হচ্ছে।

৬/ ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায়, উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন ভারী থেকে অতি ভারী এবং দক্ষিণবঙ্গের সর্বত্র ভারী বৃষ্টির পূর্বাভাস।

*****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় সদর দপ্তর ‘বিজয় দুর্গ’-এ তিনদিন ব্যাপী ‘কম্বাইন্ড কমান্ডার্স’ সম্মেলনের সূচনা করবেন। ১৭’ই সেপ্টেম্বর পর্যন্ত এই সম্মেলন চলবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, সেনা বাহিনীর তিনটি বিভাগের প্রধান এবং চিফ অফ ডিফেন্স স্টাফ।

গত সন্ধ্যায় বিমানবন্দরে প্রধানমন্ত্রী পৌঁছলে তাঁকে স্বাগত জানান, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য সহ দলের শীর্ষ নেতারা। প্রধানমন্ত্রীর কিছুক্ষণ আগে কলকাতায় পৌঁছান প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। রাজভবনে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান রাজ্যপাল সি ভি আনন্দ বোস। সেখানেই রাত্রিবাস করেন শ্রী মোদী। বিশ্বের বর্তমান রাজনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে ভারতের সশস্ত্র বাহিনীর বিভিন্ন শাখার মধ্যে সমন্বয় বৃদ্ধি, প্রযুক্তিগত আধুনিকীকরণ এবং প্রাতিষ্ঠানিক সংস্কারের বিষয় সর্বোচ্চ স্তরের মত বিনিময় হবে এই সম্মেলনে।

**********************

রাজ্যে অনুপ্রবেশের সমস্যা ভয়াবহ আকার ধারণ করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। গত সন্ধ্যায় কলকাতা এক সাংবাদিক বৈঠকে বিজেপি নেতা তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, কলকাতায় প্রচুর অনুপ্রবেশকারী বসবাস করছে। উদাহরণ হিসেবে তিনি ‘গুলশান কলোনী’র কথা তুলে ধরেন।

( বাইট- সুকান্ত / অনুপ্রবেশ )

**********************

রাজ্যের শাসক দল বাংলা ভাষার নাম করে আন্দোলন করলেও বাস্তব ক্ষেত্রে বাঙালি এবং রবীন্দ্রনাথ ঠাকুরের মতো মনিষীকে অপমান করেছে বলে অভিযোগ করেছেন, বিজেপি নেতা তথা অভিনেতা রুদ্রনীল ঘোষ। ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে পুর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র EZCC-র পূর্বশ্রী প্রেক্ষাগৃহে “রবীন্দ্রনাথ ও শ্যামাপ্রসাদ" শীর্ষক এক আলোচনায় অংশ নেন তিনি।

EZCC-র অধিকর্তা আশীষ গিরি বলেন, ভারতীয় শিক্ষা সংস্কৃতি, সংস্কৃত নির্ভর এবং বাংলা ভাষার উৎসও সংস্কৃত ভাষা। সেই সংস্কৃতকে ঐচ্ছিক ভাষা হিসেবে রেখে দেওয়া বিগত বাম ও বর্তমান সরকারের একটি কৌশল । মূল বক্তা ডঃ রাকেশ দাস বলেন, বাংলা ভাষা, বাংলার দুই মনীষী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এবং রবীন্দ্রনাথ ঠাকুরকে এক জায়গায় নিয়ে আসে। বঙ্গীয় সনাতনী সংস্কৃতি পরিষদ ও শ্যামাপ্রসাদ অনুশীলন কেন্দ্র আয়োজিত এই অনুষ্ঠানে সৌম্য ভৌমিকের পরিচালনায় রবীন্দ্র নৃত্যনাট্য কাল মৃগয়া পরিবেশিত হয়। উপস্থিত ছিলেন অজয় নন্দী, ডা মধুসূদন পাল, অধ্যাপক বিমল শঙ্কর নন্দ, দেবজিত সরকার, সুদীপ্ত গুহ , অধীর রায় এবং উদয় দাস।

**********************

পরীক্ষা পর্ব মেটার পর এবার ‘অ্যানসার কি’ প্রকাশ করবে স্কুল সার্ভিস কমিশন। গতকাল বিকাশ ভবনে এক সাংবাদিক বৈঠকে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবং SSC চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার জানিয়েছেন, আগামী মঙ্গলবার নবম ও দশম শ্রেণীর এবং কুড়ি তারিখ নাগাদ একাদশ দ্বাদশের শিক্ষক নিয়োগ পরীক্ষার ‘অ্যানসার কি’ ওয়েবসাইটে প্রকাশ করা হবে। তা নিয়ে পরীক্ষার্থীদের আপত্তি ও মতামত জানানোর জন্য পাঁচ দিন দেওয়া হবে। এরপর চূড়ান্ত ‘অ্যানসার কি’ প্রকাশ করা হবে। এরপর উত্তরপত্র মূল্যায়ন করা হবে। এসএসসির চেয়ারম্যান জানিয়েছেন, নভেম্বর থেকে ইন্টারভিউ পর্ব শুরু হবে।

উল্লেখ্য, গতকাল একাদশ-দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক পদে নিয়োগের পরীক্ষায় বসেন ২’লক্ষ ২৯ হাজার ৪৯৭ জন।

**********************

সেবা ও সুশাসনের ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকার অগ্রগতি ও উন্নতির উদ্দেশে নিরন্তর কাজ করে চলেছে।

প্রাচীন বৈদিক মন্ত্রের সেই বাণী- 'পৃথিবী আমাদের জননী, আমরা তার সন্তান', আজকের ভারতবর্ষে পরিবেশের সুরক্ষায় তা বাস্তব রূপ পেয়েছে।

আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন-

( ভিসি- অভিজিত )

**********************

যাত্রী নিরপত্তা ও সুরক্ষার কথা বিবেচনা করে কলকাতা মেট্রো রেল আটশো জন অতিরিক্ত নিরাপত্তা কর্মী নিয়োগের বিষয়টি বিবেচনা করছে। সম্প্রতি দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে ছুরির আঘাতে এক স্কুল পড়ুয়ার মৃত্যুর ঘটনায় নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন ওঠার প্রেক্ষিতে মেট্রো রেলের তরফে গতকাল এক বিবৃতিতে একথা জানানো হয়েছে। ওই বিবৃতি অনুসারে সেন্ট্রাল কন্ট্রোলরুম থেকে যাত্রী চলাচলের উপর CCTV র মাধ্যমে নজরদারি চালানো হচ্ছে। স্টেশনের প্রবেশ পথে যাত্রীদের তল্লাশি ও লাগেজ স্ক্যান করার পাশাপাশি সন্দেহজনক গতিবিধির উপর কঠোর নজরদারি চলছে। কলকাতা মেট্রো রেলের ভ্রমণে উদ্বেগের কোনো কারণ নেই বলেও ওই বিবৃতিতে দাবি করা হয়েছে।

**********************

বেটিং অ্যাপের তদন্তে ইডি, অভিনেত্রী মিমি চক্রবর্তীকে আজ দিল্লিতে তলব করেছে। আজ সকাল ১১'টায় তাঁকে তদন্তকারী সংস্থার দিল্লির দফতরে হাজিরা দিতে হবে বলে জানা গেছে।

**********************

মালদায় আর জি কর মেডিকেল কলেজের পড়ুয়া ছাত্রী অনিন্দিতা সোরেনের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় ধৃত চিকিৎসক পড়ুয়া উজ্জ্বল সোরেনের ৬ দিনের পুলিশ হেফাজত হয়েছে। গতকাল তাঁকে মালদা আদালতে তোলা হয়। অভিযুক্তের বিরুদ্ধে ন্যায় সংহিতার একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে। মৃতার পরিবারের অভিযোগ, উজ্জ্বলই তাদের মেয়েকে বিষ খাইয়ে খুন করেছে।

**********************

পণ্য পরিষেবা করের হারে পরিবর্তন আগামী ২২ তারিখ থেকে কার্যকর হতে চলেছে। ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি NJ খৈতান বলেন, সরকারের এই পদক্ষেপ দেশবাসীর জীবন অনেক সহজ করে তুলবে।

( বাইট- খৈতান )

**********************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়-এর জন্মের সার্ধশতবর্ষ উদ্‌যাপিত হচ্ছে। শরৎচন্দ্র ছিলেন ঔপন্যাসিক, গল্পকার। তাঁর রচিত সাহিত্য উপন্যাসে তৎকালীন সামাজিক বৈষম্য, কুসংস্কার, অন্যায় অবিচারের নানা দিক ফুটে ওঠে। শ্রীকান্ত, পথের দাবী, চরিত্রহীন, দেবদাস, পল্লীসমাজ, বড় দিদি সহ একাধিক গল্প উপন্যাস, সমাজের কঠিন চিত্র তুলে ধরে। অসাধারণ সাহিত্য কর্মের জন্য কলকাতা বিশ্ব বিদ্যালয়, শরৎচন্দ্রকে 'জগত্তারিণী স্বর্ণ পদক' প্রদান করে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে দেওয়া হয় সাম্মানিক 'ডি-লিট' উপাধি।

**********************

আজ ইঞ্জিনিয়ার্স ডে। প্রখ্যাত ভারতীয় প্রকৌশলী স্যার এম বিশ্বসরাইয়ার জন্মদিনটির স্মরণে ইঞ্জিনিয়ার্স দিবস পালিত হয়ে থাকে। দেশের অগ্রগতিতে প্রকৌশল বিষয়ক উন্নয়ন, অগ্রগতি তুলে ধরতে দিনটি পালিত হয়ে থাকে। এবারের মূল ভাবনা- উদ্ভাবন, স্থায়িত্ব, ও ডিজিটাল রূপান্তর। 'ইঞ্জিনিয়ার্স দিবস' উপলক্ষে আজ প্রগ্রেসিভ ইউনাইটেড ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে কলকাতায় আয়োজিত এক অনুষ্ঠানে অংশ নেবেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম।

**********************

ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর জলীয় বাষ্প প্রবেশের প্রেক্ষিতে উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন ভারী থেকে অতি ভারী এবং দক্ষিণবঙ্গের সর্বত্র ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবানীকে জানিয়েছেন, আগামী দুদিন অতিভারী বৃষ্টির 'কমলা সতর্কতা' রয়েছে, উত্তরের পাঁচ জেলায়। ভারী বৃষ্টি হতে পারে মালদা এবং দুই দিনাজপুরে।

দক্ষিণবঙ্গের কিছু জায়গায়, ভারী বৃষ্টির সঙ্গে আগামী দুদিন দমকা বাতাস বয়ে যেতে পারে।

*****************************************************************************